


প্রথম আলো

বৃহস্পতিবার, ১৭ সেপ্টেম্বর ২০০৯



গতকাল বুধবার প্রথম আলোর নতুন ওয়েবসাইট উদ্বোধন করেন জামিলুর রেজা চৌধুরী ● ছবি: প্রথম আলো

ওয়েবসাইটে নতুন রূপে প্রথম আলো

নিজস্ব প্রতিবেদক ●

বদলে গেছে প্রথম আলোর ওয়েবসাইট। বিশ্বের নামী পত্রিকাগুলোর ওয়েবসাইট এত দিন বাংলাদেশের নাগরিকদের সামনে উদাহরণ হয়ে ছিল। এবার প্রায় একই আদিকে উন্নত প্রযুক্তি ব্যবহার করে আধুনিক ওয়েবসাইটের মাধ্যমে পাঠকের কাছে হাজির হচ্ছে প্রথম আলো।

নতুন এই ওয়েবসাইটে প্রথম আলোর পাঠকেরা মূল পত্রিকার পাশাপাশি সর্বশেষ সংবাদ যেমন পাবেন, তেমনি জানতে পারবেন তাঁদের মতামত। প্রশ্ন করতে পারবেন সম্পাদককে। থাকছে মাল্টিমিডিয়া-সুবিধা। প্রথম আলোর নতুন সাইটে এবিসি রেডিওর সংবাদ যেমন শোনা যাবে, তেমনি থাকবে গুরুত্বপূর্ণ ভিডিও ক্লিপিং। শেয়ারবাজারের গুণমানের তথ্য যেমন থাকবে, তেমনি সর্বশেষ সংবাদ ও বিশ্লেষণ থাকবে। নতুন এই ওয়েবসাইটের ঠিকানা থাকছে আগেরটিই, www.prothomalo.com। নতুন সাইটটি তৈরি করেছেন ইলেকট্রনিক বিজনেস সল্যুশন লিমিটেডের চারজন তরুণ ওয়েব-নির্মাতা।

প্রথম আলোর কার্যালয়ে গতকাল বুধবার বিকেলে নতুন এই ওয়েবসাইটের উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরী। তিনি বলেন, বাংলাদেশের সর্বাধিক প্রচারিত দৈনিক প্রথম আলো। অনলাইনেও পত্রিকাটি শীর্ষে। প্রথম আলোর এই নতুন ওয়েবসাইট পাঠকের কাছে দ্রুত জনপ্রিয় হবে বলে তিনি আশা করেন।

জামিলুর রেজা চৌধুরী বলেন, নতুন এই

ওয়েবসাইটে কোনো বিষয় খোঁজার (সার্চ) যে সুযোগ আছে, তা সব মহলের কাজে আসবে। যে তরুণেরা পরিশ্রম করে এই ওয়েবসাইট বানিয়েছেন, তিনি তাঁদের ধন্যবাদ জানান।

জামিলুর রেজা চৌধুরী বলেন, প্রকাশিত পত্রিকাটি সারা দিন ধরে পড়তে হয়। এটি আপডেট করা যায় না। কিন্তু অনলাইনে কিছুক্ষণ পর পর আপডেট করা সম্ভব হবে।

নতুন ওয়েবসাইটের উদ্দেশ্য সম্পর্কে প্রথম আলোর যুগ্ম সম্পাদক আব্দুল কাইয়ুম বলেন, ১৯৯৮ সালের ৪ নভেম্বর প্রথম আলো প্রকাশিত হয়। সেদিন থেকেই পত্রিকাটির ওয়েবসাইট ছিল। সময়ের সঙ্গে সঙ্গে তা আধুনিক করা হয়েছে। পঠক যাতে অবিকল প্রথম আলোর

ছাপা সংস্করণ দেখতে পান, সে জন্য ই-প্রথম আলো' করা হয়েছে। সেই ধারাবাহিকতায় আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নতুন এই ওয়েবসাইট করা হলো। এর মাধ্যমে পাঠকের সঙ্গে প্রথম আলোর সম্পর্ক আরও নিবিড় হবে।

নতুন ওয়েবসাইটের নির্মাণ সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন প্রথম আলোর যুগ্ম বার্তা সম্পাদক সেলিম খান।

গতকালের এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রথম আলোর সম্পাদক মতিউর রহমানসহ বিভিন্ন বিভাগের প্রধান ও অন্যান্য। এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবিসি রেডিওর বার্তা ও অনুষ্ঠান প্রধান সানাউল্লাহ এবং বিজ্ঞাপন সংস্থা এর গাওসুল আলম শাওন ও এম এ মারুফ।